

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৪২

শান্তিরবাজার, ৪ নভেম্বর, ২০২৩

শান্তিরবাজারে ৬-৭ নভেম্বর রাজ্যভিত্তিক ওয়া উৎসব

২০ তম রাজ্যভিত্তিক ওয়া উৎসব আগামী ৬-৭ নভেম্বর শান্তিরবাজার মহকুমার বীরচন্দ্র মনুর তুইকর্ম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে অনুষ্ঠিত হবে। ৬ নভেম্বর সন্ধ্যায় দু'দিনব্যাপী রাজ্যভিত্তিক ওয়া উৎসবের উদ্বোধন করবেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, বিধায়ক প্রমোদ রিয়াং, বৌদ্ধ ভিক্ষু ক্ষেমাসারা, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি কাকলি দাস দত্ত, এম ডি সি সঞ্জীব রিয়াং, এম ডি সি কণজাং মগ প্রমুখ। ৭ নভেম্বর সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক মন্ত্রী সুশান্ত চৌধুরী, শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা, বিধায়ক মাইলাফু মগ, বিধায়ক প্রমোদ রিয়াং, ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া প্রমুখ। উৎসবে প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর প্রদর্শনী স্টল খুলবে। অনুষ্ঠানে মগ সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার সভাপতি কনঞ্জরী মগ চৌধুরী সভাপতিত্ব করবেন।
